



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়

রাজশাহী কলেজ, রাজশাহী

e-mail: rajshahicollegebd@gmail.com, website: www.rc.gov.bd
online news portal: rcbarta.com

স্মারক নম্বর: ৩৭.০২.৮১২২.১০১.২৬.৮১

তারিখ: ২৯ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ
১৩ জানুয়ারি ২০২৬ খ্রিষ্টাব্দ

বিজ্ঞপ্তি

বিষয়: একাদশ শ্রেণি হতে স্নাতক ও সমমান শ্রেণির দুর্ঘটনায় গুরুতর আহত চিকিৎসাধীন অস্বচ্ছল পরিবারের মেধাবী শিক্ষার্থীদের এককালীন চিকিৎসা অনুদান প্রদানের লক্ষ্যে ২০২৫-২৬ অর্থবছরের জানুয়ারি- ফেব্রুয়ারি/২০২৬ প্রান্তে অনলাইনে আবেদন গ্রহণ প্রসঙ্গে।

সূত্র: স্মারক নং-৩৭.২৪.০০০০.০০০.০০৩.৯৮.০০০১.২০.২, তারিখ: ০৫/০১/২০২৬ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে রাজশাহী কলেজে একাদশ হতে স্নাতক ও সমমান শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, দুর্ঘটনায় গুরুতর আহত চিকিৎসাধীন অস্বচ্ছল পরিবারের মেধাবী শিক্ষার্থীদের প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট কর্তৃক 'দুর্ঘটনায় আহত শিক্ষার্থীদের এককালীন আর্থিক অনুদান প্রদান নির্দেশিকা, ২০২০' অনুসরণপূর্বক চিকিৎসা অনুদান প্রদান করা হবে।

চিকিৎসা অনুদান প্রাপ্তির জন্য চিকিৎসাধীন শিক্ষার্থীকে ই-চিকিৎসা অনুদান ম্যানেজমেন্ট সিস্টেমের <https://www.eservice.pmet.gov.bd/medical> -লিংকে প্রবেশ করে অনলাইনে আবেদন করতে হবে। দুর্ঘটনায় গুরুতর আহত চিকিৎসাধীন শিক্ষার্থী বর্ণিত লিংক ব্যবহার করে অনলাইনে তার চিকিৎসা মেয়াদে একবার মাত্র চিকিৎসা অনুদানের জন্য আবেদন করতে পারবেন এবং দুর্ঘটনায় গুরুতর আহত ও হাসপাতালে চিকিৎসা গ্রহণের সময়কাল বিজ্ঞপ্তি প্রকাশের অর্থবছর অথবা ১ (এক) বছরের মধ্যে হতে হবে। চিকিৎসা অনুদানের জন্য আবেদনের ক্ষেত্রে দুর্ঘটনা প্রমাণে জেলা পর্যায়ে সিভিল সার্জন/সরকারি হাসপাতালের চিকিৎসক, উপজেলা পর্যায়ে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা কর্তৃক 'দুর্ঘটনায় গুরুতর আহত'-র সমর্থনে প্রত্যয়নকৃত শিক্ষার্থীর চিকিৎসা সনদ, চিকিৎসা গ্রহণ সংক্রান্ত প্রয়োজনীয় রিপোর্ট ও নির্ধারিত ফরমে শিক্ষা প্রতিষ্ঠান/বিভাগীয় প্রধান কর্তৃক প্রত্যয়ন, শিক্ষার্থীর জন্মনিবন্ধন কপি, অভিভাবকের এনআইডি কপি, শিক্ষার্থীর ছবি, স্বাক্ষর ও ব্যাংক হিসাবের তথ্যসহ অন্যান্য তথ্যসমূহ শিক্ষার্থী কর্তৃক অনলাইনে আবেদনের ক্ষেত্রে আবশ্যিকভাবে স্পষ্ট কপি অনলাইনে আপলোড করতে হবে। অন্যথায় আবেদন গ্রহণযোগ্য হবে না।

শিক্ষার্থী কর্তৃক অনলাইনে আবেদনের সময় শিক্ষার্থী বা পিতা/মাতা'র নিজ ব্যাংক হিসাব নম্বর ও মোবাইল নম্বর উল্লেখ করতে হবে এবং ব্যাংক হিসাবের প্রমাণক হিসেবে চেকের পাতা/ব্যাংক এস্টেটমেন্টের তথ্য আবশ্যিকভাবে অনলাইনে আপলোড করতে হবে। শিক্ষার্থী বা পিতা/মাতা'র ব্যাংক হিসাব নম্বর ব্যতীত অন্য কারো ব্যাংক হিসাব নম্বর বিবেচনায় নেয়া হবে না, তবে পিতা ও মাতা উভয়ের মৃত্যু/অবর্তমানে আইনগত অভিভাবকের ব্যাংক হিসাব নম্বর এক্ষেত্রে উল্লেখ করা যাবে। ব্যাংক হিসাবটি অবস্যই সচল থাকতে হবে।

আগামী ২৮/০২/২০২৬ খ্রি. তারিখ রাত ১১.৫৯ মিনিট পর্যন্ত ই-চিকিৎসা অনুদান ম্যানেজমেন্ট সিস্টেম ব্যবহার করে অনলাইনে আবেদন করা যাবে।

১৩/০১/২০২৬

অধ্যক্ষ

রাজশাহী কলেজ, রাজশাহী

০২৫৮৮৮৫৫৪৭৫

১৩/০১/২০২৬